

## দেওয়ানগঞ্জ-বকসীগঞ্জ চরাঞ্চলের ২০ গ্রামে উচ্চ বিদ্যালয় নেই

জেলা কার্তা পরিবেশক, জামালপুর

সরকারী ও বেসরকারী উন্নয়ন কর্মসূচিতে  
দেওয়ানগঞ্জ ও বকসীগঞ্জ উপজেলার  
চরাঞ্চলের ২০টি গ্রামে উচ্চ বিদ্যালয় নেই।  
এই ২০টি গ্রামের কয়েক হাজার  
ছাত্রছাত্রীকে প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা  
শেষ করেই শিক্ষা জীবনের ইতি টানতে

হচ্ছে।

ভারতের আন্তর্জাতিক সীমানা সংলগ্ন  
জামালপুর জেলার দেওয়ানগঞ্জ ও বকসীগঞ্জ  
এখনিতেই অবস্থিত জনপদ। কিন্তু এই  
চরাঞ্চলে যোগাযোগ ব্যবস্থাও দুর্বল।  
দেওয়ানগঞ্জ উপজেলা সদর থেকে ২  
কিলোমিটার দূরে অবস্থিত জনপদ বুটুর  
চর, বেকপাড়া, বাহু গ্রাম, মদনের চর,  
মাদারের চর, হাশেমপুর, উত্তর বুটুর চর,  
নাজিরপুর, চর বাহাদুরাবাদ, ফারাজিপাড়া,  
নয়া গ্রাম ও নামাপাড়া এলাকায় কোন উচ্চ  
বিদ্যালয় নেই। আশপাশেও নেই। উপজেলা  
সদর থেকে পশ্চিমে ৭ কিলোমিটার দূরে  
বান্দালপাড়া, কুতুবের চর, পূর্ব কুতুবের  
চরসহ আরও ৮/১০ গ্রামের চালাচলিও  
একই। চরাঞ্চলের যোগাযোগ বিচ্ছিন্ন  
জনপদ থেকে সাধুরপাড়া, বাহাদুরাবাদ,  
দেওয়ানগঞ্জ, বকসীগঞ্জের দূরত্ব অনেক। এ  
कारणे এই সব জনপদের ছাত্রছাত্রীদের  
পক্ষে উচ্চ বিদ্যালয়ে গিয়ে পড়াশোনা  
চালিয়ে যাওয়া সম্ভব নয়। বিশেষত বর্ষা  
মৌসুমে আসা-যাওয়া অভাব দুরূহ। এ  
कारणे এসব জনপদের অতিভাবকরা  
তাদের ছেলেমেয়েদের দূরবর্তী এসব উচ্চ  
বিদ্যালয়ে পাঠাতে চান না।